

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

১৭ নভেম্বর, ২০১৪

স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.০৯.০০১.১৩-৬১৭

তারিখঃ-----।

০৩ অগ্রহায়ণ, ১৪২১

বিষয়ঃ ১০ জাতীয় সংসদে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৪র্থ বৈঠকের কার্যবিবরণীর সুপারিশসমূহ প্রেরণ।

সূত্রঃ অত্র মন্ত্রণালয়ের সমন্বয় ও সংসদ অধিশাখার স্মারক নং-৫১.০০.০০০০.২২২.০০৯.১৪-১৭০, তারিখঃ ০৫.১১.২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২১/১০/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৪র্থ বৈঠকের কার্যবিবরণীর সুপারিশসমূহের মধ্যে এ শাখা সংশ্লিষ্ট নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তঃ

- ১১ (ক) মন্ত্রণালয় হতে প্রাপ্ত ভিজিএফ, জিআর চাল ও ক্যাশ এর বিস্তারিত বিবরণ জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করার পাশাপাশি তা বিতরণে তাদের পরামর্শ গ্রহণের ব্যবস্থা নিতে হবে;
- ১১ (খ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক 'একজন মানুষও যেন গৃহহীন না থাকে' এ লক্ষ্য পূরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ১১ (গ) বৈদেশিক দাতা সংস্থা কর্তৃক সাহায্যের পরিমাণ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ১১ (ঘ) ঘর তৈরীর জন্য বরাদ্দপ্রাপ্ত টিন যেন কেউ বিক্রি করতে না পারে তা নিশ্চিত করতে হবে এবং টিন বিতরণের পর তা যথাযথ কাজে ব্যবহৃত হচ্ছে কিনা/হয়েছে কিনা তা মনিটরিং এর ব্যবস্থা করতে হবে;

২। এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্তের আলোকে জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য তীকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ নুরুল আমীন)

উপসচিব (ত্রাণ)

ফোনঃ ৯৫৪০১৪৩।

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩, মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.১৬.০০৬.১৪-৬৭২

তারিখঃ ১১/১২/২০১৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। বিভাগীয় কমিশনার,বিভাগ (সকল)।
- ২। জেলা প্রশাসক,(সকল)। তীকে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,(সকল)। তীকে তীর অধিনস্ত সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৫। আইসিটি স্পেশালিস্ট, ডিএমআইসি, সিডিএমপি, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, (৪র্থ তলা), ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(মোঃ ইফতেখারুল ইসলাম)

পরিচালক (ত্রাণ)

ফোনঃ ৯৮৬০৩৮৬।